মেহেরপুরে হিন্দু ধর্মালম্বী ক্ষুদ্র ব্যবসায়ীদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে দুর্গাপূজা উপলক্ষে হিন্দু ধর্মালম্বী ক্ষুদ্র ব্যবসায়ীদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (৮ অক্টোবর) সকাল সাড়ে ১১ টার দিকে মেহেরপুর শহরের হোটেল বাজার ও বড় বাজারের ২৫ জন হিন্দু ধর্মালম্বী ব্যবসায়ীদের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

ইন্ডাস্ট্রিয়ালিস্টস এন্ড বিজনেসমেন ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আই.বি.ডব্লিউ.এফ) মেহেরপুর জেলার শাখার আয়োজনে খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর জামায়াতের আমির ও কাউন্সিলর সোহেল রানা ডলার।

এ ছাড়াও ইন্ডাস্ট্রিয়ালিস্টস এন্ড বিজনেসমেন ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আই.বি.ডব্লিউ.এফ) মেহেরপুর জেলার শাখার সভাপতি মোঃ সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক সাজ্জাদ হোসেন পলাশ, বিশিষ্ট ব্যবসায়ী সোহেল প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত অসহায় মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

মুজিবনগরে টানা তিনদিনের বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে উপজেলা প্রশাসন।

আজ বুধবার সকাল থেকে সারাদিনব্যাপী অসহায় পরিবারগুলোর বাসায় যেয়ে নিজ হাতে খাবার সামগ্রী তুলে দিয়ে আসছেন মুজিবনগর উপজেলা

নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এবং প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম অসহায় মানুষদের সরকারিভাবে বিভিন্ন সহযোগিতা করা হবে বলে আশ্বস্ত করেন।

তিনি বলেন ,প্রথম পর্যায়ে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বিপদগ্রস্ত পরিবারগুলোকে সাময়িকভাবে ১০ কেজি করে চাউল দেওয়া হচ্ছে। পরবর্তীতে তাদের সরকারিভাবে আরও সহযোগিতা করা হবে।

মেহেরপুরে জনপ্রশাসন মন্ত্রীর উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে জনপ্রশাসন মন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সাংসদ ফরহাদ হোসেনের ব্যাক্তিগত উদ্যোগে দুস্থ-অসহায় মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (৩১ জুলাই) সকাল ১০ টার দিকে কবি নজরুল শিক্ষা মঞ্জিল মাঠ প্রাঙ্গণে এই খাদ্য সামগ্রী বিতরণ হয়। জনপ্রশাসন মন্ত্রীর পক্ষে মেহেরপুর শহর ও শহরের বাইরের ১ হাজার দুস্থ মানুষের খাদ্য সামগ্রীর মধ্যে ছিল দেশি মুরগী, মাছ, চাল, ডাল, লবন, আলু ইত্যাদি।

বিতরণকালে বক্তারা বলেন, কয়েকদিন ধরে দেশের স্বার্থে জরুরী অবস্থা জারি ছিল। তাতে দিনমজুর ও দুস্থ মানুষের জীবনমানে কিছুটা অসহায়বস্থা ছিল। আমরা জনপ্রশাসন মন্ত্রীর নির্দেশে সে সমস্ত মানুষদের খাদ্য সহায়তা দিয়ে পাশে থাকার চেষ্টা করেছি।

খাদ্য বিতরণকালে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মৃদুল, সরকারি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন আহমেদ ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন প্রমুখ।

মুজিবনগরে গুডনেইবার্সের উদ্যোগে শিশুদের মাঝে শিক্ষা উপকরণ এবং খাদ্য সামগ্রী বিতরণ

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর স্পনসর শিশুদের মাঝে শিক্ষা উপকরণ এবং খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকেলে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে এক অনুষ্ঠানের মাধ্যমে এ সকল সামগ্রী বিতরণ করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায়,মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে শিশুদের মাঝে শিক্ষা উপকরণ ও খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন পরিষদ ৬ নম্বর ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক।

অনুষ্ঠানে ২২০ জন স্পন্সর শিশুকে ২৫ কেজি করে চাউল সাড়ে ৫ লিটার সরিষার তেল ১ কেজি গুড়া দুধ এবং ৮ টি খাতা ও ১৬ টি কলম প্রদান করা হয়।

চুয়াডাঙ্গার ভিজে স্কুলের ৯৬ ব্যাচের পক্ষ থেকে খাদ্য

সামগ্রী বিতরণ

ব্যতিক্রম আয়োজনের মধ্য দিয়ে চুয়াডাঙ্গার ভিজে স্কুলের এসএসসি ৯৬ ব্যাচের পরিচালিত ” ক্লাব ৯৬” এর পক্ষ থেকে আসন্ন ঈদুল ফিতরের আনন্দ ভাগাভাগি করার প্রয়াসে সমাজের সুবিধাবঞ্চিত ও দু:স্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার ১৯ এপ্রিল বিকাল ৩ টায় চুয়াডাঙ্গার ভিজে এসএসসি ৯৬ ব্যাচের আয়োজনে চুয়াডাঙ্গা স্টেশন রোডস্থ ক্লাব ৯৬ কার্যালয়ে আনুষ্ঠানিক আয়োজনের মাধ্যমে চুয়াডাঙ্গার প্রায় তিন শতাধিক নারী
- পুরুষের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

৯৬ ব্যাচের ডা. রাকিবুল হাসান শাওন বলেন, ‘মানুষের জন্য কিছু করার ইচ্ছা প্রতিটা মানুষেরই থাকে, কিন্তু একা করাটা অধিকাংশ ক্ষেত্রেই সম্ভব হয় না। সম্মিলিত চেষ্টায় কিছু একটা হয়ে ওঠে। অবশ্য তার জন্যও দরকার পড়ে কিছু দায়িত্ব শীল মানুষের। কর্ম ব্যাস্ততা আর দুরত্বের কারনে ইচ্ছে থাকা সত্বেও নিজ এলাকার মানুষের জন্য কিছু করাটা দুরহ । সেই দায়িত্ব নিজেদের কাধে নিয়ে আমাদের কিছু বন্ধু সব সময় অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে যায়, আর আমরা শুধু বন্ধু হিসেবে তাদের এই মহত কাজের ক্ষুদ্র অংশ হতে পারি।’

ক্লাব-৯৬ এর মুখপাত্র নাহিদ হাসান খান বলেন, ‘একটি পরিবারের ঈদ উপলক্ষে যা যা প্রয়োজন তার প্রায় অধিকাংশই উপহার হিসেবে প্রদান করা হয়েছে। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেওয়া খাদ্য সামগ্রীর মধ্যে ছিল ৫ কেজি চাল, ১ কেজি করে তেল,চিনি, লবন, পেয়াজ, পোলাও চাল ও সেমাই এবং ২ কেজি আলু ও ১ টি করে তাজা মুরগী।’

এপ্রসঙ্গে উল্লেখ্য চুয়াডাঙ্গার এই এসএসসি ৯৬ ব্যাচটি “আমাদের আবেগ আছে, অনুভূতি আছে,আছে বন্ধুত্বের শক্ত মেলবন্ধন” এই স্লোগান নিয়ে বিগত প্রায় ২০ বছর যাবৎ ফ্রি মেডিক্যাল ক্যাম্প, চক্ষু শিবির, শীতবস্ত্র ও কম্বল বিতরণ এবং দরিদ্রদের সাবলম্বী করা সহ নিঃস্বার্থ ভাবে চুয়াডাঙ্গা জেলায় নানা সমাজসেবা মূলক কার্যক্রম করে আসছে।